বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (বেতন এবং সুবিধাদি) আইন, ২০২১

The Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতনভাবে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বিলুপ্তির ফলশ্রুতিতে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর "উক্ত অধ্যাদেশসমূহ" বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হয়; এবং সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং- ১০৪৪-১০৪৫/২০০৯-এ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬ নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সংশোধন ও পরিমার্জনক্রমে সরকার বাংলা ভাষায় নতুন আইন প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে The Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতনভাবে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই আইন 'বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (বেতন এবং সুবিধাদি) আইন, ২০২১' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে "বিচারক" অর্থ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচারককে বুঝাইবে এবং প্রধান বিচারপতি ও উক্ত কোর্টের কোনো বিভাগের অতিরিক্ত বিচারকগণ ইহার অন্তর্ভুক্ত হইবেন।

৩। **বেতন**।- (১) বিচারকগণ নিম্নলিখিত হারে বেতনাদি প্রাপ্ত হইবেন-

(ক) প্রধান বিচারপতি - ১, ১০, ০০০ (এক লক্ষ দশ হাজার) টাকা প্রতি মাসে;

(খ) আপীল বিভাগের বিচারক- ১, ০৫, ০০০ (এক লক্ষ পাঁচ হাজার) টাকা প্রতি মাসে;

(গ) হাইকোর্ট বিভাগের বিচারক- ৯৫, ০০০ (পঁচানব্বই হাজার) টাকা প্রতি মাসে।

৪। **বিশেষ ভাতা**- বিচারকগণ মূল বেতনের ৫০% হারে মাসিক বিশেষ ভাতা প্রাপ্ত হইবেন।

৫। **শ্রান্তি ও বিনোদন ভাতা**- (১) বিচারকগণ প্রতি তিন বৎসর অন্তর অন্তর শ্রান্তি ও বিনোদন ছুটি ভোগ করিবার উদ্দেশ্যে এক মাসের বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসাবে প্রাপ্ত হইবেন।

(২) বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (ছুটি, পেনশন এবং বিশেষ সুবিধাদি) আইন, ২০২১- এর ৭ ধারায় বর্ণিত ছুটিকালীন বেতন-এর অতিরিক্ত হিসাবে বিচারকগণ শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্ত হইবেন।

৬। **উৎসব ভাতা**- (১) বিচারকগণ প্রতি বৎসর দুই মাসের বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসাবে প্রাপ্ত হইবেন।

(২) উৎসব ভাতা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত নিয়মাবলি অনুসরণ করিতে হইবে।

৭। **বাংলা নববর্ষ ভাতা**- (১) বিচারকগণ প্রতি বৎসর একবার মাসিক বেতনের ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্ত হইবেন।

(২) বাংলা নববর্ষ ভাতা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত নিয়মাবলি অনুসরণ করিতে হইবে।

৮। **বেতন ও ভাতা করমুক্ত**- এই আইনের বিধানমতে বিচারকগণকে প্রদেয় বেতন ও ভাতাদি আয়করের আওতাভুক্ত হইবে না।

৯। **অন্যান্য সুবিধাদি**।- (১) একজন বিচারক-

(ক) সকল প্রকার ভাড়া, চার্জ ও পৌর কর-বিহীন এবং গ্যাস, বিদ্যুৎ, পানির বিল মুক্ত একটি সুসজ্জিত বাসগৃহ প্রাপ্ত হইবেন। যতদিন পর্যন্ত তাঁহাকে উক্তরূপ বাসগৃহ বরাদ্দ প্রদান করা না হইবে ততদিন পর্যন্ত তিনি বাড়ি ভাড়া বাবদ মাসিক ৫০,৬০০ (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্ত হইবেন।

(খ) সরকারের সচিব পর্যায়ের একজন কর্মকর্তা যেইরূপ শর্তে একটি অফিসিয়াল পরিবহন প্রাপ্ত হন, সেইরূপ শর্তে বিচারক অফিসিয়াল পরিবহন প্রাপ্ত হইবেন। তাঁহাকে অফিসিয়াল পরিবহন সরবরাহ করা না হইলে বা তাঁহার অফিসিয়াল পরিবহনের প্রয়োজন না থাকিলে, নিজস্ব মালিকানাধীন পরিবহন ব্যবহারের নিমিত্তে তাঁহাকে মাসিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পরিবহন ভাতা হিসাবে প্রদান করা হইবে বা নিজস্ব মালিকানাধীন পরিবহন ব্যবহার না করিলে তাঁহাকে মাসিক ২,০০০ (দুই হাজার) টাকা প্রদান করা হইবে।

(গ) বাসগৃহে ব্যবহারের নিমিত্তে সরকারি খরচে একটি টেলিফোন প্রাপ্ত হইবেন।

(২) বিচারকগণ নিম্নলিখিত হারে ডোমেস্টিক এইড এলাউন্স প্রাপ্ত হইবেন-

(ক) প্রধান বিচারপতি- ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রতি মাসে;

(খ) আপীল বিভাগের বিচারক-৪,৫০০ (চার হাজার পাঁচশত) টাকা প্রতি মাসে;

(গ) হাইকোর্ট বিভাগের বিচারক- ৪,০০০ (চার হাজার) টাকা প্রতি মাসে।

(৩) বিচারকগণ নিম্নলিখিত হারে 'কুক এলাউন্স' ও 'সিকিউরিটি এলাউন্স' প্রাপ্ত হইবেন-

বিচারকগণ তাঁহাদের বাসভবনের জন্য ০১ (এক)টি করে বাবুর্চি পদের সুবিধার পরিবর্তে মাসিক ১৬,০০০ (ষোল হাজার) টাকা করিয়া 'কুক এলাউন্স' হিসাবে এবং ইয়ারমার্কড/স্বতন্ত্র/একক বাসা/বাড়ীর বা ফ্ল্যাটের ক্ষেত্রে ০১ (এক)টি করিয়া নিরাপত্তা প্রহরী পদের পরিবর্তে মাসিক ১৬,০০০ (ষোল হাজার) টাকা করিয়া 'সিকিউরিটি এলাউন্স' প্রাপ্য হইবেন;

তবে শর্ত থাকে যে, 'কুক এলাউন্স' ও 'সিকিউরিটি এলাউন্স' প্রদানের ক্ষেত্রে ডোমেস্টিক এইড এলাউন্স প্রাপ্য হইবেন না।

(৪) বিচারকগণ নিম্নলিখিত হারে নিয়ামক ভাতা প্রাপ্ত হইবেন-

(ক) প্রধান বিচারপতি- ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা প্রতি মাসে;

(খ) আপীল বিভাগের বিচারক- ৮,০০০ (আট হাজার) টাকা প্রতি মাসে;

(গ) হাইকোর্ট বিভাগের বিচারক- ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রতি মাসে।

(৫) অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত এতদসংক্রান্ত বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

১০। **চিকিৎসা সুবিধা**।- একজন বিচারক ও তাঁহার পরিবারের সদস্যগণ The Special Medical Attendance Rules, 1950-এর অধীনে চিকিৎসা সুবিধা প্রাপ্ত হইবেন। এতদ্ব্যতীত একজন বিচারক ও তাঁহার পরিবারের সদস্যগণ নিজ বাসগৃহে চিকিৎসা সুবিধা গ্রহণের অধিকারী হইবেন। একজন বিচারক অবসরপ্রাপ্ত হইলে বা অন্য কোনো কারণে পদত্যাগ করিলে বা অপসারিত হইলে উক্তরূপ চিকিৎসা সুবিধাদি অব্যাহত থাকিবে।

১১। **ছুটি, পেনশন ইত্যাদি সংক্রান্ত অধিকার**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, একজন বিচারক ছুটি, পেনশন, আনুতোষিক (Gratuity) ও ভবিষ্য তহবিল (Provident Fund) বিষয়ে এই আইন প্রণয়নের পূর্বে যেই সকল অধিকার ভোগ করিতেন সেই সকল অধিকারসমূহ অব্যাহত থাকিবে।

১২। **রহিতকরণ ও হেফাজতকরণ**।- (১) The Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance 1978 (Ordinance No. XI of 1978) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন,-

(ক) কৃত সকল কার্যক্রম ও গৃহীত কোনো ব্যবস্থা বা সূচীত কোনো কার্যধারা এই আইনের অধীন কৃত, গৃহীত বা সূচীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(খ) প্রণীত বিধি, জারিকৃত প্রজ্ঞাপন এবং প্রদত্ত কোনো আদেশ উক্তরূপ রহিত হওয়ার অব্যবহিত পূর্বে কার্যকর থাকিলে, উহা এই আইনের বিধানাবলির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন প্রণীত, জারিকৃত এবং প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(গ) কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে, যেন উক্ত অধ্যাদেশ রহিত হয় নাই।

১৩। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।- (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) মূল বাংলা পাঠ এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।